

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
পরিকল্পনা শাখা

বিষয়: খুলনা কর ভবন নির্মাণ প্রকল্পের Project Steering Committee (PSC) সভার কার্যবিবরণী।

সভাপতি আবু হেনা মোঃ রহমাতুল মুনিম
সিনিয়র সচিব
সভার তারিখ ২২-০৬-২০২৩
সভার সময় ১১:১৫ ঘটিকা
স্থান অভ্যন্তরীণ সম্পদ বিভাগের সম্মেলন কক্ষ
উপস্থিতি সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা: পরিশিষ্ট-ক তে সন্নিবেশিত করা হলো:

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি মহোদয় সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে এ বিভাগের যুগ্ম সচিব (পরিকল্পনা) সভায় প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করেন। এডিপিভুক্ত প্রকল্পটির উপর বিস্তারিত আলোচনায় প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি, প্রকল্পের অবশিষ্ট কার্যক্রমের সময়াবদ্ধ পরিকল্পনা, বিগত সভার সিদ্ধান্তসমূহের অগ্রগতি সভাকে অবহিত করার জন্য প্রকল্প পরিচালক-কে অনুরোধ করা হয়:

০২। প্রকল্প পরিচালক প্রকল্পের সভাকে অবহিত করেন, বর্তমান পরিস্থিতিতে ৫৮ ফুট উচ্চতা ৬৫২টি সার্ভিস পাইলের কিউরিং এর কাজ শেষ করে ইতোমধ্যে ৬৫২টি সার্ভিস পাইল ড্রাইভ করা হয়েছে। স্থাপত্য অধিদপ্তরের পরামর্শ অনুযায়ী পরবর্তীতে আরও ১৫টি সার্ভিস পাইলসহ মোট ৬৬৭টি পাইল নির্মাণ করে ড্রাইভ করা হয়েছে। উল্লেখ্য যে ৬৫২টি পাইল নির্মাণে ৫.৯২ কোটি টাকা খরচ হয়েছে। ভবন নির্মাণের পরিকল্পনা অনুযায়ী ৬৮টি বেইজমেন্ট নির্মাণের মধ্যে ৪২টি বেইজমেন্ট নির্মাণ করা হয়েছে এবং ৪৮টি পিলারের রড স্থাপন করা হয়েছে। কর ভবন নির্মাণ কাজ ধারাবাহিকভাবে সম্পন্ন হয়ে আসছে। ইট, বালি, খোয়া ইত্যাদি ধৌত করার জন্য সাইটে ঠিকাদার কর্তৃক প্রাথমিকভাবে ডিপটিউবয়েল স্থাপন করা হয়েছে। সুপারস্ট্রাকচার নির্মাণকালে পানি ব্যবহারের জন্য প্রয়োজনীয় চৌবাচ্চা নির্মাণ করা হবে মর্মে সভাকে অবহিত করেন।

০৩। প্রকল্পের অগ্রগতি:

(অংকসমূহ লক্ষ টাকায়)

অর্থ বছর	ডিপিপি/টিপিপি সংস্থান	এডিপি/আরএডিপি বরাদ্দ	অর্থছাড় (%)	প্রকৃত ব্যয় (%)
২০১৮-২০১৯	--	--	--	--
২০১৯-২০২০	২০০০.০০	--	--	--
২০২০-২০২১	১৯০০.০০	৬০০.০০	--	--
২০২১-২০২২	৩২৭৬.০০	২০০০.০০	৬৪৬.০০	৫৯২.০০
২০২২-২০২৩	--	২০০৫.০০	৪০২.০০	৪০০.০০
২০২৩-২০২৪	--	--	--	--

প্রকল্প পরিচালক আরো জানান যে, ২০২২-২০২৩ অর্থ বছরে আরএডিপিতে খুলনা কর ভবন নির্মাণ প্রকল্প এর জন্য ২০০৫.০০ লক্ষ টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে এবং ০৯ মে ২০২৩ তারিখে আরএডিপিতে বরাদ্দকৃত ২০.০৫ টাকার ব্যয় মঞ্জুরীর প্রশাসনিক অনুমোদন প্রদান করা হয়েছে। পরবর্তীতে নির্বাহী প্রকৌশলী, খুলনা গণপূর্ত বিভাগ-২, খুলনা এর চাহিদার প্রেক্ষিতে উক্ত বরাদ্দকৃত টাকা হতে ৪০২.০০ লক্ষ টাকা বরাদ্দ প্রদান করা হয় তবে কোড জটিলতার কারণে

৪০০.০০ লক্ষ টাকা আইবাসে ছাড় প্রদান করা হয়েছে। এছাড়াও সংশ্লিষ্ট প্রকল্পটি নির্দিষ্ট সময়ের মধ্যে (৩০-০৬-২০২৪ সময়ের মধ্যে) বাস্তবায়নের জন্য ডিপিপিতে বরাদ্দকৃত ৭১৭৬.০০ লক্ষ টাকা হতে কোড ভিত্তিক অবশিষ্ট ৪৫৭৯.০০ লক্ষ টাকা ২০২৩-২০২৪ অর্থবছরে বরাদ্দ রাখা প্রয়োজন এবং যথা সময়ে প্রকল্পের কার্যক্রম সম্পন্ন করারহবে মর্মে সভাকে অবহিত করেন।


এ বিভাগের যুগ্মসচিব পরিকল্পনা সভাকে জানান যে, উক্ত প্রকল্পের অনুকূলে ২০২২-২৩ অর্থ বছরের সংশোধিত বাজেটে ২০.০৫ (বিশ কোটি পাঁচ লক্ষ) টাকা ব্যয়ের প্রশাসনিক অনুমোদন প্রদান করা হয়েছে।

এ বিভাগের সিনিয়র সচিব মহোদয় সভাকে অবহিত করেন যে, প্রতিটি প্রকল্পের বরাদ্দ চাহিদার ক্ষেত্রে অর্থবছরের শুরুতে ক্রয় পরিকল্পনা প্রণয়ন করতে হবে এবং উক্ত ক্রয় পরিকল্পনা অনুযায়ী যে পরিমাণ অর্থ ব্যয় করতে পারবে, সেই পরিমাণ বাজেট বরাদ্দ প্রদানের জন্য চাহিদা প্রেরণ করতে হবে। যাতে করে উক্ত প্রকল্পের অর্থনৈতিক অগ্রগতির সাথে বাস্তবায়ন অগ্রগতির সামঞ্জস্য থাকে। তিনি আরও জানান যে, ক্রয় পরিকল্পনা অনুযায়ী প্রকল্পের অনুকূলে বরাদ্দকৃত অর্থ ব্যয় করতে অপারগ হলে সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক-কে সে বিষয়ে স্বয়ংসম্পূর্ণ ব্যাখ্যা প্রদান করতে হবে।

০৩। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

সিদ্ধান্তসমূহ	বাস্তবায়নকারী সংস্থা
সিদ্ধান্ত-১: প্রকল্পের কার্যক্রম যথা সময়ে সম্পন্ন করার পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	জাতীয় রাজস্ব বোর্ড ও প্রকল্প পরিচালক
সিদ্ধান্ত-২: উক্ত প্রকল্পের অনুকূলে বরাদ্দকৃত অর্থ কেন ব্যয় করা হয়নি সে বিষয়ে স্বয়ংসম্পূর্ণ ব্যাখ্যা প্রদান করতে হবে।	জাতীয় রাজস্ব বোর্ড ও প্রকল্প পরিচালক

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



আবু হেনা মোঃ রহমাতুল মুনিম
সিনিয়র সচিব

স্মারক নম্বর: ০৮.০০.০০০০.০৩৯.০৬.০০১.২০.১৫৭


তারিখ: ২০ আষাঢ় ১৪৩০

০৪ জুলাই ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়
- ২) সদস্য, কার্যক্রম বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন
- ৩) সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন
- ৪) প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর
- ৫) সদস্য, আর্থ সামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন
- ৬) যুগ্ম সচিব, বাজেট-৭ অধিশাখা, অর্থ বিভাগ
- ৭) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
- ৮) প্রধান প্রকৌশলী, প্রধান প্রকৌশলীর দপ্তর, গণপূর্ত অধিদপ্তর
- ৯) যুগ্মপ্রধান, এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা বিভাগ
- ১০) প্রকল্প পরিচালক, খলনা কর ভবন নির্মাণ প্রকল্প।

১১) সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ



কানাই লাল শীল
সিনিয়র সহকারী সচিব